# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৪৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমাদের পূর্বের বর্ণনায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে কারণে মুঁচকি হেসেছিলেন, তার বিবরণ

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا تبسَّم النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا وَصَفْنَا

আরবী

2848 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: أَخْبَرَنِي حُمَيْدٌ الطَّوِيلُ عَنِ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَحِطَ الْمَطَرُ عَامًا فَقَامَ بَعْضُ الْمُسْلِمِينَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ قَحِطَ الْمَطَرُ وَأَجْدَبَتِ الْأَرْضُ وَهَلَكَ الْمَالُ قَالَ: فَرَفَعَ يَدَيْهِ ـ وَمَا نَرَى فِي السَّمَاءِ سَحَابَةً ـ فَمَدَّ يَدَيْهِ ـ حَتَّى رَأَيْتُ بَيَاضَ إِبْطَيْهِ ـ يَسْتَسْقِي اللَّهَ فَمَا صَلَّيْنَا الْجُمُعَةَ حَتَّى أَهَمَّ الشَّابَّ الْقَرِيبَ الدَّارِ الرُّجُوعُ إِلَى أَهْلِهِ فَدَامَتْ جُمُعَةً فَلَمَّا كَانَتِ الْجُمُعَةُ الَّتِي تَلِيهَا قَالَ: يَا رَسُولَ اللَّهِ تَهَدَّمَتِ الْبُيُوتُ وَاحْتَبَسَ الرُّكْبَانُ قَالَ: فَتَبَسَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ لِسُرْعَةِ مَلَالَةِ ابْنِ آدَمَ ـ وَقَالَ بِيَدَيْهِ: (اللَّهُمَّ حَوَالَيْنَا وَلَا علينا) قال: فتكشفت عن المدينة.

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2848 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 144 ـ 145)، ((التعليق على صحيح ابن خزيمة)) (1789).

বাংলা

২৮৪৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক বছর অনাবৃষ্টি হয়। তখন কিছু লোক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, অনাবৃষ্টি শুরু হয়েছে, জমিন অনুর্বর হয়ে গেছে, সহায়-সম্পদ ধ্বংস হয়ে গেছে!”

রাবী বলেন, “অতঃপর তিনি দুই হাত উঠান। এসময় আমরা আকাশে কোন মেঘ দেখছিলাম না। তিনি তাঁর দুই হাত এমনভাবে প্রসারিত করলেন যে, আমি তাঁর বগলের শুভ্রতা দেখতে পেলাম। তিনি আল্লাহর কাছে পানি প্রার্থনা করেন। অতঃপর আমরা জুমু‘আর সালাত শেষ করতে না করতেই (বৃষ্টিপাত শুরু হয়) এমনকি ‘বাড়ি নিকটে এমন যুবককে’ বাড়ি ফিরে যাওয়ার জন্য ব্যস্ত করে তোলে! তারপর পুরো এক সপ্তাহ বৃষ্টি হয়। অতঃপর যখন পরের জুমু‘আহ আসে, তখন এক ব্যক্তি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, বাড়ি-ঘরগুলো ধ্বসে গেলো, (ব্যবসায়িক) কাফেলাগুলো স্থবির হয়ে গেছে!”

রাবী বলেন, “তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আদম সন্তানের এতো তাড়াতাড়ি ক্লান্ত হওয়া দেখে মুঁচকি হাসেন। তিনি দুই হাত দিয়ে আকাশে ইশারা করে বলেন, اللَّهُمَّ حَوَالَيْنَا وَلَا عَلَيْنَا (হে আল্লাহ, আমাদের আশে-পাশে বৃষ্টি দিন; আমাদের উপর নয়)।”

রাবী বলেন, “অতঃপর মদীনা পরিস্কার হয়ে যায়।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৯১; সহীহ বুখারী: ১০১৫; সহীহ মুসলিম: ৮৯৭; আবূ দাঊদ: ১১৭৪; নাসাঈ: ৩/১৬৫-১৬৬; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৩২২; সুনান বাইহাকী: ৩/৩৫৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ১১৬৮; মুসনাদ আহমাদ: ৩/১০৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/১৪৪-১৪৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92178

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন